

## 💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ইসলামে জিহাদ বিধান (حكم الجهاد في الإسلام)

'জিহাদ' অর্থ সর্বাত্মক প্রচেষ্টা। শারঈ পরিভাষায় 'জিহাদ' হ'ল সমাজে ইসলামী বিধান প্রতিষ্ঠার জন্য আল্লাহর রাস্তায় সর্বাত্মক প্রচেষ্টা চালানো। কুফরী শক্তির বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ করা যার চূড়ান্ত রূপ। জিহাদের উদ্দেশ্য হ'ল মানুষকে মানুষের দাসত্ব থেকে মুক্ত করে আল্লাহর দাসত্বে ফিরিয়ে আনা এবং মানুষে মানুষে সাম্য ও ন্যায় বিচার প্রতিষ্ঠা করা।

- (क) মাক্কী জীবনে কাফেরদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধের অনুমতি ছিল না। বলা হয়েছিল, كُفُّوا أَيْدِيكُمْ وَأَقِيمُوا الصَّلاَة (তামরা হস্ত সংযত রাখ এবং ছালাত আদায় কর ও যাকাত প্রদান কর'... (নিসা ৪/৭৭)। এই নীতি সর্বদা প্রযোজ্য। যখন কুফরী শক্তি প্রবল হবে এবং ইসলামী শক্তি তার তুলনায় দুর্বল থাকবে।
- (খ) অতঃপর দেশ থেকে বা গৃহ থেকে বিতাড়িত হওয়ার মত চূড়ান্ত যুলুমের অবস্থায় সশস্ত্র যুদ্ধের অনুমতি দেওয়া হয় দ্বীন ও জীবন রক্ষার্থে। বলা হয়, أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ بَعَالَى اللهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ بَعْ لَلْمُوا وَإِنَّ اللهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ (বলা হয় হ'ল তাদেরকে, যারা আক্রান্ত হয়েছে। কারণ তাদের প্রতি অত্যাচার করা হয়েছে। আর আল্লাহ নিশ্চয়ই তাদেরকে (যুদ্ধ ছাড়াই) সাহায্য করতে সক্ষম' (হাজ্জ ২২/৩৯)।
- (গ) এ সময় কেবল যুদ্ধকারীদের বিরুদ্ধে যুদ্ধের নির্দেশ দেওয়া হয়, هَ وَقَاتِلُوا فِي سَبِيلِ اللهِ الَّذِينَ يُقَاتِلُوا فِي سَبِيلِ اللهِ اللّهِ اللهُ لاَ يُحِبُّ الْمُعْتَدِينَ 'আর তোমরা লড়াই করে আল্লাহর পথে তাদের বিরুদ্ধে এবং এবে বাড়াবাড়ি করো না। নিশ্চয়ই আল্লাহ সীমালংঘনকারীদের ভালবাসেন না' (বাক্লারাহ ২/১৯০)। অর্থাৎ স্রেফ পরকালীন স্বার্থেই জিহাদ হবে, দুনিয়াবী কোন স্বার্থে নয় এবং যারা যুদ্ধ করে কেবল তাদের বিরুদ্ধেই যুদ্ধ করবে।
- (घ) यूक्तकार्त्न तिर्जिश त्रिश रहा, اغْزُوا بِاسْمِ اللهِ في سَبِيلِ اللهِ قَاتِلُوا مَنْ كَفَرَ بِاللهِ اغْزُوا وَلاَ تَغْدُرُوا وَلاَ تَغْدُرُوا اللهِ في سَبِيلِ اللهِ قَاتِلُوا مَنْ كَفَرَ بِاللهِ اغْزُوا وَلاَ تَغْدُلُوا الْوِلْدَانَ وَلاَ أَصْحَابَ الصَّوَامِعِ 'তোমরা আল্লাহর নামে আল্লাহর রাস্তায় যুদ্ধ কর তাদের বিরুদ্ধে যারা আল্লাহর সাথে কুফরী করে। যুদ্ধ কর, কিন্তু গণীমতের মালে খেয়ানত করো না। চুক্তি ভঙ্গ করো না। শক্তরে অঙ্গহানি করো না। শিশুদের ও উপাসনাকারীদের হত্যা করো না'।[1]
- (৬) অতঃপর কুফরী শক্তির সর্বব্যাপী হামলা থেকে দ্বীন ও জীবন রক্ষার্থে মৌলিক নির্দেশনা জারী করা হয়, وَقَاتِلُوهُمْ حَتَّى لاَ تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلاَ عُدُوانَ إِلاَّ عَلَى الظَّالِمِينَ लां के के या পর্যন্ত না ফেংনার (কুফরীর) অবসান হয় এবং আনুগত্য স্রেফ আল্লাহর জন্য হয়। অতঃপর যদি তারা নিবৃত্ত হয়, তবে যালেমদের ব্যতীত অন্যদের প্রতি কোন প্রতিশোধ নেই' (বাক্কারাহ ২/১৯৩; আনফাল ৮/৩৯)।
- (চ) সর্বক্ষেত্রে ও সর্বাবস্থায় 'তাওহীদের ঝান্ডা উঁচু থাকবে ও শিরকের ঝান্ডা অবনমিত হবে' মর্মে জিহাদের



চিরন্তন নীতিমালা ঘোষণা করা হয়। যেমন আল্লাহ বলেন, وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَى وَكَلِمَةُ اللهِ هِيَ الْعُلْيَا 'এবং তিনি কাফেরদের (শিরকের) ঝান্ডা অবনত করে দিলেন ও আল্লাহর (তাওহীদের) ঝান্ডা সমুন্নত রাখলেন। বস্তুতঃ আল্লাহ মহা পরাক্রমশালী ও প্রজ্ঞাময়' (তওবা ৯/৪০)।

- ছে) যারা আল্লাহর সার্বভৌমত্বের বিরুদ্ধে মানুষের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করতে চায় এবং আল্লাহর দ্বীনকে ফুৎকারে নিভিয়ে দিতে চায়, সেইসব কাফের অপশক্তির বিরুদ্ধে ইসলামকে বিজয়ী করাই ছিল যুগে যুগে নবী ও রাসূল প্রেরণের উদ্দেশ্য। শেষনবী মুহাম্মাদ (ছাঃ)-কে প্রেরণের উদ্দেশ্যও ছিল তাই। যেমন আল্লাহ বলেন, غُرِيدُونَ لِيُطْفِرُهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُطْفِرُهُ عَلَى الدّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ لَلْهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ وَاللهُ مُتِمُ نُورِهِ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ لَهُ بِالْهُدَى وَدِينِ الْمُشْرِكُونَ عَلَى الدّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ অথচ আল্লাহ স্বীয় জ্যোতিকে (ইসলামকে) পূর্ণতা দান করবেন। যদিও অবিশ্বাসীরা তা পসন্দ করে না'। 'তিনিই তাঁর রাসূলকে প্রেরণ করেছেন হেদায়াত ও সত্য দ্বীন সহকারে। যাতে তিনি উক্ত দ্বীনকে সকল দ্বীনের উপরে বিজয়ী করতে পারেন। যদিও মুশরিকরা তা পসন্দ করে না' (ছফ ৬১/৮-৯; তওবাহ ৯/৩২)।
- (জ) কোন মুসলিম যদি কুফরী শক্তির দোসর হিসাবে কাজ করে, তাহ'লে তার বিরুদ্ধে 'কঠোর' হবার নির্দেশ দেওয়া হয়েছে। আল্লাহ বলেন, يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأُوالْهُمْ جَهَنَّمُ وَبِئِسَ (হে নবী! তুমি জিহাদ কর কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে এবং তাদের উপরে কঠোর হও। ওদের ঠিকানা হ'ল জাহায়াম। আর কতইনা মন্দ ঠিকানা সেটি' (তওবা ৯/৭৩; তাহরীম ৬৬/৯)। হয়রত আব্দুল্লাহ ইবনু আববাস (রাঃ) বলেন, কাফিরদের বিরুদ্ধে জিহাদ হবে অস্ত্রের দ্বারা এবং মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ হবে যবান দ্বারা এবং অন্যান্য পন্থায় কঠোরতা অবলম্বনের দ্বারা'।[2] মুনাফিক সর্দার আব্দুল্লাহ ইবনে উবাইকে সকল নস্তের মূল জেনেও রাসূল (ছাঃ) তাকে হত্যার নির্দেশ দেননি তার বাহ্যিক ইসলামের কারণে।
- (स) पूजनागाना प्रत प्रतन्त विकल्क यूक कर्ता निषिक।[3] कान कारा यूक नाशल जन्माना प्रति ए रात प्रज्ञ राति क्र रात प्रज्ञा (इज्ज्ञां 8৯/৯)। नहेल वित्रं शिका। विवर्त प्रक्षित शिका। विवर्त शिका विवर्ण शिका विवर्ण शिका। विवर्ण शिका शिका विवर्ण शिका विवर्ण शिका विवर्ण शिका विवर्ण शिका विवर्ण शिका शिका विवर्ण शिका शिका विवर्ण शिका शिका विवर्ण शिक

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, وَمَنْ وَجَدَ ... وَمَنْ وَجَدَ , وَالْقَائِمِ، وَالْقَائِمِ، وَالْقَائِمُ فِيهَا خَيْرٌ مِنَ الْمَاشِي ... وَمَنْ وَجَدَ , বলেন غَيْرٌ مِنَ الْقَاعِدُ فِيهَا خَيْرٌ مِنَ الْقَاعِدُ فِيهَا خَيْرُ مِنَ الْقَاعِدُ فِيهَا خَيْرُ مِنَ الْقَاعِدُ فَلْيَعُذْ بِهِ نَمَاذًا فَلْيَعُذْ بِهِ مُعَادًا فَلْيَعُذْ بِهِ مَعَادًا فَلْيَعُذْ بِهِ اللّهُ عَلَيْهُ وَمِهَا مُعَادًا فَلْيَعُذْ بِهِ مَنْ وَجَدَ بَهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللللّهُ الللللّهُ اللّهُ اللّ



দাঁড়ানো ব্যক্তির চাইতে উত্তম হবে এবং বসা ব্যক্তি হাঁটা ব্যক্তির চাইতে উত্তম হবে। আর হাঁটা ব্যক্তি দৌড়ানো ব্যক্তির চাইতে উত্তম হবে। যদি কেউ আশ্রয়স্থল বা বাঁচার কোন স্থান পায়, তবে সে যেন সেখানে গিয়ে আশ্রয় নেয়'।[4] ফিংনার সময় করণীয় প্রসঙ্গে হযরত সা'দ ইবনু আবী ওয়াককাছ (রাঃ) রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করেন, হে আল্লাহর রাসূল! যখন আমাকে হত্যার জন্য আমার ঘরে ঢুকে কেউ আমার দিকে হাত বাড়াবে, তখন আমি কি করব? জবাবে রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, كُنْ كَابْنِ أَنَى ' তুমি আদমের পুত্রের মত হও' (অর্থাৎ হাবীলের মত মৃত্যুকে বরণ কর)। অতঃপর আল্লাহর রাসূল (ছাঃ) মায়েদাহ ২৮ আয়াতিট পাঠ করে শুনালেন'। যেখানে হত্যাকারী কাবীলের বিরুদ্ধে হাবীলের উক্তি উদ্ধৃত করে আল্লাহ বলেন, لَيْنَ اللهَ رَبُّ الْعَالَمِينَ لِنَيْ الْخَافُ اللهَ رَبُّ الْعَالَمِينَ (যি তুমি আমাকে হত্যার উদ্দেশ্যে তোমার হাত বাড়াও, তবুও আমি তোমাকে হত্যার জন্য আমার হাত বাড়াবো না। আমি বিশ্বপ্রভু আল্লাহকে ভয় করি' (মায়েদাহ ৫/২৮)।[5] আবু মূসা আশ'আরী (রাঃ)-এর বর্ণনায় এসেছে, যখন তোমাদের কারু গৃহে ফেংনা প্রবেশ করবে, তখন সে যেন আদমের দুই পুত্রের উত্তমটির মত হয় এনি গ্রিটা টুট্টিটি (টি)

## ফুটনোট

- [1]. মুসলিম হা/১৭৩১; আহমাদ হা/২৭২৮; মিশকাত হা/৩৯২৯।
- [2]. ইবনু কাছীর, তাফসীর সূরা তওবা ৭৩ আয়াত।
- [3]. মুসলিম হা/২৫৬৪; বুখারী হা/৪৮; মুসলিম হা/৬৪ (১১৬); মিশকাত হা/৪৮১৪।
- [4]. বুখারী হা/৩৬০১; মুসলিম হা/২৮৮৬ (১০); মিশকাত হা/৫৩৮8।
- [5]. আহমাদ হা/১৬০৯; আবুদাউদ হা/৪২৫৭ 'ফিতান' অধ্যায়, সনদ ছহীহ।
- [6]. আবুদাঊদ হা/৪২৫৯; ইবনু মাজাহ হা/৩৯৬১ সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5385

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন